

ঢাকা ওয়াসা

- ০১। ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক কর্মপরিকল্পনার কপি।
 ০২। ওয়াসা লিং-১৬১৬২ হতে প্রাপ্ত অভিযোগ।
 ০৩। প্রাক্কলন।

বিষয়ঃ Checking, Clearing of water line and Supplying of water at KC Road, Prembagan in Uttara under MODS Zone-9, Dhaka WASA.

০১। উপরোক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ওয়াসা লিংক হতে প্রাপ্ত টিকেট ও এলাকাবাসী মৌখিকভাবে অভিযোগ করেন মডস জোন-৯ এর আওতাধীন কেসি স্কুল রোড, প্রেমবাগান এলাকায় পানি পাচ্ছে না। উক্ত এলাকা সমূহে সুষ্ঠুভাবে পানি সরবরাহ করার লক্ষ্যে সংশ্লিষ্ট এলাকার পি. এল. আই ও পি. এল. এম সহকারে সরেজমিনে সাইট পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে আলোচ্য এলাকায় বেশকিছু দিন যাবৎ সম্মানিত গ্রাহকগন লাইনে কোন পানি পাচ্ছে না। উক্ত সমস্যা ও পানি সংকট সমাধান করার লক্ষ্যে পানির লাইনটির বিভিন্ন জায়গায় চেকিং করা প্রয়োজন। উক্ত কাজটি ঠিকাদারের মাধ্যমে সম্পাদন করার লক্ষ্যে ঢাকা ওয়াসার ২০১১ সালের অনুমোদিত রেট সিডিউল ও বর্তমান বাজার দর অনুযায়ী একটি প্রাক্কলন তৈরী করা হয়েছে। যার প্রাক্কলিত টাকার পরিমাণ ৪৯,১৪৮/- (উনপঞ্চাশ হাজার একশত আটচল্লিশ) টাকা (সংযুক্ত ক্রঃ নং-৩)। কাজটি সম্পাদন করার লক্ষ্যে ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স নাবিল এন্টারপ্রাইজ এর সাথে মৌখিকভাবে যোগাযোগ করা হলে ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক আলোচ্য কাজটি প্রাক্কলিত দরে করতে মৌখিক সম্মতি প্রদান করে। উল্লেখ্য উক্ত কাজের ব্যয়ভার মডস জোন-৯ এর ২০২৫-২৬ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং-G2(38) "Water line maintenance (পানির লাইন রক্ষণাবেক্ষণ)" (কোডঃ ০১-০৪-০০১) হতে নির্বাহ করা যেতে পারে (সংযুক্ত ক্রমিক নং-১)।

০২। এমতাবস্থায়, Checking, Clearing of water line and Supplying of water at KC Road, Prembagan in Uttara under MODS Zone-9, Dhaka WASA কাজটি পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৭৬/১ (ট) বিধি অনুযায়ী জরুরী ভিত্তিতে মেসার্স নাবিল এন্টারপ্রাইজ এর অনুকূলে সরাসরি চুক্তির মাধ্যমে সম্পাদন করার জন্য ৪৯,১৪৮/- (উনপঞ্চাশ হাজার একশত আটচল্লিশ) টাকার প্রাক্কলনটির সদয় অনুমোদন দেয়া যেতে পারে, যা প্রধান প্রকৌশলী মহোদয়ের আর্থিক ক্ষমতার আওতাধীন।

১৪/০৮/২০২৫
 আব্দুর রকিব জোয়ার্দার
 উপ-সহকারী প্রকৌশলী
 মডস জোন-৯, ঢাকা ওয়াসা

১৪/০৮/২০
 মোঃ দেলোয়ার হোসেন
 উপ-বিভাগীয় প্রকৌশলী
 মডস জোন-৯
 ঢাকা ওয়াসা

১৪/০৮/২০
 মোঃ ইয়াসর বাসম
 নির্বাহী প্রকৌশলী
 মডস জোন ৯, ঢাকা ওয়াসা

১৪/০৮/২৫
 প্রকৌশলী মোঃ শাহ আলিম
 তত্ত্বাবধায়ক প্রকৌশলী
 মডস সার্কেল-২, ঢাকা ওয়াসা।

১/৯/২০২৫
 প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাখারী
 প্রধান প্রকৌশলী
 ঢাকা ওয়াসা।